

গাছ বিতরণ ধুবুলিয়ায়

■ কৃষ্ণনগর: কৃষ্ণনগর ২ ব্লকে সবুজশ্রী প্রকল্পের সূচনা হল। বৃহস্পতিবার দুপুরে ব্লকের ধুবুলিয়া ২ গ্রাম পঞ্চায়েতে ৩০ জন শিশুর মা-বাবার হাতে গাছের চারা তুলে দিয়ে এই প্রকল্পের শুরু হয়েছে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষ্ণনগর দক্ষিণ কেন্দ্রের বিধায়ক ভূগমলের উজ্জ্বল বিশ্বাস, অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) শেখর সেন, নদিয়া-মুর্শিদাবাদের ডিএফও রাণা দত্ত। এ দিন ৩০ জন অবিভাবকের হাতে একটি করে গাছের চারা তুলে দেওয়া হয়েছে। ২০ বছর পর ওই গাছ কাটার অনুমতি মিলবে।

স্টেডিয়ামের অনুমোদন



এই মাঠেই স্টেডিয়াম তৈরির পরিকল্পনা।

■ তেহেট্ট: সরকারি উদ্যোগে একটি স্টেডিয়াম তৈরির ঘোষণায় খুশি তেহেট্টের মানুষ। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, স্টেডিয়াম তৈরির অনুমোদন মিলেছে। তবে কোনও টাকা আসেনি। করিমপুর আঞ্চলিক ক্রীড়া সংস্থার সম্পাদক সুজিত বিশ্বাস বলেন, “তেহেট্ট মহকুমা এলাকাতে প্রায় একশোটি ক্লাব আছে। কিন্তু কোনও স্টেডিয়াম নেই। তেহেট্টে স্টেডিয়াম হলে খেলাধুলার উন্নতি হবে। তবে করিমপুরেও ওই ধরনের স্টেডিয়াম তৈরি হওয়া প্রয়োজন।”



হেলমেট ছাড়া মোটরবাইক আরোহী দেখলেই হাতে ধরিয়ে দেওয়া হল লাল গোলাপ। ভাডজাংলার একটি বেসকারি বি এড কলেজের পক্ষ থেকে এই উদ্যোগ নেওয়া হয়েছিল। ৩৪ নম্বর জাতীয় সড়কে তোলা নিজস্ব চিত্র।



৬০২ কাম্বলিট্টে নং ০২ ১৫/০৮/২০১৯
১৫/০৮/২০১৯

লালবাগে 'প্যাকেজ ট্র্যর', নবদ্বীপ থেকে যাবে লঞ্চও

সামসুদ্দিন বিশ্বাস

দিন কয়েক আগে বেথুয়াডহরি থেকে লালবাগে ঘুরতে এসেছিলেন নীলাদ্রিশেখর সরকার ও তাঁর স্ত্রী কুম্পা। মুর্শিদাবাদ স্টেশনে নেমে এ গাড়ি সে গাড়ি পাঁচটে সারা দিন দেখার জায়গাগুলো ঘোরার পরে হাল তাঁদের খারাপ।

পূর্ব মেদিনীপুরের তমলুক থেকে সপরিবার মুর্শিদাবাদে ঘুরতে আসা রানা সিংহ উঠেছিলেন বহরমপুরের একটি হোটেলে। সেখান থেকেই গাড়ি ভাড়া করে মুর্শিদাবাদের নানা দর্শনীয় স্থান ঘুরে দেখেছেন। আনন্দ পেয়েছেন ঠিকই, ব্যক্তিও কম পোহাতে হয়নি।

এ রকম অনেক পর্যটকই মনে করছিলেন, জেলা প্রশাসনের तरफে একটা প্যাকেজ ট্র্যরের বন্দোবস্ত হলে ভাল হত। অবশেষে তেমনটাই হতে চলেছে। বহরমপুর পুরসভা ঠিক করেছে, ৩০ আসনের একটি বাস প্যাকেজ ট্র্যরের কাজে লাগানো হবে। গত ৮ জানুয়ারি উত্তরবঙ্গ পরিবহণ সংস্থার দু'টি বাস পুরসভাকে দিয়ে যান পরিবহণ মন্ত্রী শুভেন্দু অধিকারী। তার

মধ্যে ৫০ আসনের বড় বাসটি নিয়মিত রুটে চলবে। অন্যটি লাগানো হবে পর্যটনের কাজে।

বহরমপুরের পুরপ্রধান নীলরতন আচ্য জানান, খুব তাড়াতাড়ি প্যাকেজ



ছোটর অপেক্ষায়। — নিজস্ব চিত্র

ট্র্যর চালু করা হবে। তবে বেশির ভাগ পর্যটকই যেহেতু মুর্শিদাবাদে ঘুরতে এসে হোটলে ওঠেন, সে কারণে আপাতত প্যাকেজের মধ্যে খাওয়া-দাওয়ার ব্যবস্থা থাকছে না। মাথাপিছু কত টাকা নেওয়া হবে, তা-ও এখনও ঠিক হয়নি। পুরপ্রধান বলেন, "শীঘ্রই আমরা বোর্ড মিটিং ডেকে এ বিষয়ে সিদ্ধান্ত নেব।"

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা সূত্রে জানা যায়, বহরমপুরে তাদের

ডিপোতেই থাকবে বাস দু'টি। কিন্তু সেগুলি পরিচালনার ভার থাকবে পুরসভার হাতে। তাদের থেকেই সংস্থা লভ্যাংশ পাবে। সংস্থার ডিভিশনাল ম্যানেজার উত্তম গণ জানান, গ্রীষ্মের

আগেই বহরমপুর পুরসভাকে একটি শীতাতপনিয়ন্ত্রিত বাস দেওয়ারও নির্দেশ দিয়েছেন মন্ত্রী। পুরসভা সূত্রে খবর, সেটিকেও প্যাকেজ ট্র্যরে নামানো হবে।

ভাগীরথী ছোঁয়া লালবাগে পর্যটন বাড়াতে জলযাত্রারও ব্যবস্থা করতে চাইছে বহরমপুর পুরসভা। পুরপ্রধান জানান, নবদ্বীপ থেকে মায়াপুর ছুঁয়ে মুর্শিদাবাদ শহরে আসা-যাওয়ার

জন্য পরিবহণ ও পুর দফতরের কাছে দু'টি লক্ষের আবেদন জানানো হয়েছে। সেচ দফতরের হিসেবে প্রায় ১৪৪ কিলোমিটার লম্বা এই জলপথে যাত্রা যথেষ্ট রোমাঞ্চকর হতে পারে বলে তাঁদের ধারণা। বৃহস্পতিবার পরিবহণ মন্ত্রী বলেন, "পর্যটনে মুর্শিদাবাদকে গুরুত্ব দেওয়া হচ্ছে। স্থলপথের পাশে একটি বিকল্প জলপথ খুলতে শীঘ্রই ওদের একটি জলযান দেওয়া হবে।"



১৫/১১-১৯

১৫/১১-১৯

চট্টোপাধ্যায়, সিডি পুরসভার চেয়ারম্যান উজ্জ্বল চট্টোপাধ্যায়। শ্রম দপ্তরের বিভিন্ন প্রকল্প নিয়ে মেলায় আলোচনা হবে।

নাকাশিপাড়ায় শ্রম মেলা

বিএনএ, কৃষ্ণনগর: বুধবার নাকাশিপাড়ার দেশবন্ধু স্মৃতি পাঠাগার মাঠে শুরু হয়েছে শ্রম মেলা। চলবে আজ শুক্রবার পর্যন্ত। মেলার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রী জাকির হোসেন, রাজ্যের যুগ্ম শ্রম কমিশনার মহম্মদ রিজওয়ান প্রমুখ। নাকাশিপাড়ার বিধায়ক কল্লোল খাঁ বলেন, মেলা চলাকালীন নির্মাণ শ্রমিক, পরিবহণ শ্রমিক, অসংগঠিত শ্রমিকদের বিভিন্ন প্রকল্পে আর্থিক সাহায্য দেওয়া হয়েছে।

বনো

৬০২/১০১

বর্তমান ২০ মে ২০১৯



তেহট-২ ব্লকে কৃষিমেলা শুরু

সংবাদদাতা, তেহট: বৃহস্পতিবার তেহট-২ ব্লকের পলাশীপাড়ার জিটি স্কুল মাঠে শুরু হল দু'দিনের কৃষিমেলা। এদিন এই কৃষিমেলার উদ্বোধন করেন পলাশীপাড়া কেন্দ্রের বিধায়ক তাপস সাহা। উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাপতি বাণীকুমার রায়, মহকুমা শাসক অর্ণব চট্টোপাধ্যায়, তেহট-২ বিডিও অভিজিৎ চৌধুরি, সভাপতি বাসুভূঞা শেখ সহ অন্যান্য আধিকারিকরা। এই মেলা চলবে দু'দিন। এখানে এলাকার কৃষকেরা তাঁদের উৎপাদিত সবজির প্রদর্শনীতে অংশগ্রহণ করবেন। এদিন এই মঞ্চ থেকে বিডিও অভিজিৎ চৌধুরির লেখা একটি গল্পের বই প্রকাশ করেন সভাপতি বাণীকুমার রায়।

কান্দির স্কুলে চুরি

১৯/১১/১৯

১৯/১১/১৯

